বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা
(বিচার শাখা)
www.supremecourt.gov.bd

স্মারক নং-১জে-১০/২০১৭ - ৪৮৭৭ - জে, তারিখ: ১১ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ / ২৫ মে ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: আইন ও বিচার বিভাগে সংযুক্ত কর্মকর্তা (সিনিয়র সহকারী জজ) জনাব মোছাঃ মেস্কে জান্নাত রীপা-এর সন্তান মোঃ আল রিশান Meconium Ileus রোগে আক্রান্ত হওয়ায় তার অপারেশন ও ব্যয়বহুল চিকিৎসার ব্যয় নির্বাহের নিমিত্ত আর্থিক সাহায্যের আবেদন প্রসঙ্গে।**

সূত্র: সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক গত ২৪.০৫.২০২৫ খ্রি. তারিখে প্রেরিত আবেদনপত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, জনাব মোছাঃ মেস্কে জান্নাত রীপা ১০ম বিজেএস পরীক্ষার মাধ্যমে ২০১৮ সালে সহকারী জজ হিসেবে যোগদান করেন। বর্তমানে তিনি সংযুক্ত কর্মকর্তা (সিনিয়র সহকারী জজ) হিসেবে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে কর্মরত আছেন। তাঁর ছোট সন্তান মোঃ আল-রিশান, বয়স: ০২ বছর, ১০ মাস। সে জন্মের পর থেকে Meconium Ileus রোগে ভুগছে। জন্মের ০৪(চার) দিন বয়সে এই রোগটি ধরা পড়ে এবং তাৎক্ষণিকভাবে বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট এ সার্জারি ইউনিট-৪ এর ডাক্তার অধ্যাপক স্বপন কুমার পাল এর মাধ্যমে গত ৩০.০৭.২০২২ খ্রি. তারিখে তাঁর সন্তানের দেহে প্রথম অপারেশন করা হয়। ২৮.০৭.২০২২ থেকে ১৪.০৮.২০২২ খ্রি.তারিখ পর্যন্ত প্রায় ১৭ (সতেরো) দিন হাসপাতালে অবস্থান শেষে ছাড়পত্র প্রদান করা হয়। পরবর্তীতে গত ১২.০৬.২০২৩ খ্রি.তারিখে ১০ মাস, ১৮ দিন বয়সে দ্বিতীয় ধাপে হেলথ এন্ড হোপ হাসপাতাল পান্থপথ, ঢাকাতে অধ্যাপক ডাক্তার স্বপন কুমার পালের মাধ্যমে তাঁর সন্তানের দেহে দ্বিতীয়বারের মতো অপারেশন {Double Barrel Ileostomy (Bishop Koop Conversion)} করা হয়। তখনও প্রায় ১৫(পনেরো) দিনের মতো তাঁকে হাসপাতালে অবস্থান করতে হয়। কিন্তু দিন দিন তাঁর শারীরিক অবস্থার অবনতি হওয়ায় তাঁর সন্তানকে গত ৩০.০৩.২০২৪ খ্রি.তারিখে স্কয়ার হাসপাতাল লিমিটেড, পান্থপথ, ঢাকাতে শিশু সার্জন অধ্যাপক ডাক্তার মোঃ কবীরুল ইসলাম এর অধীনে ভর্তি করা হয়। ডাক্তারের পরামর্শে গত ০৬.০৪.২০২৪ খ্রি.তারিখে তৃতীয় ধাপে উক্ত হাসপাতালে তাঁর সন্তানের দেহে তৃতীয় অপারেশন (Ileostomy Closing) করা হয়। কিন্তু দুর্ভাগ্যজনকভাবে তৃতীয় অপারেশন সফল না হওয়ায় অপারেশনের ০৮(আট) দিন পর গত ১৫.০৪.২০২৪ খ্রি.তারিখে জীবনের ঝুঁকি নিয়ে চতুর্থ অপারেশন করা হয়। অপারেশনের পর ১৮(আঠারো) দিন তাঁর সন্তান স্কয়ার হাসপাতালে Pediatric Intensived Care Unit (PICU)-এ অবস্থানসহ সর্বমোট প্রায় ০১ মাস, ০৭ দিন উক্ত হাসপাতালে চিকিৎসাধীন থাকার পর গত ০৭.০৫.২০২৪ খ্রি. তারিখে হাসপাতাল ত্যাগের ছাড়পত্র প্রদান করা হয়। বর্তমানে তাঁর সন্তান ডাক্তারের পরামর্শ অনুযায়ী চিকিৎসাধীন অবস্থায় বাসায় অবস্থান করছে। ডাক্তার বলেছেন, শারীরিক অবস্থার উন্নতি হলে পরবর্তী চিকিৎসা দেশের বাহিরে করতে পারলে ভালো ফলাফল পাওয়া সম্ভব। চতুর্থ অপারেশনের পর থেকে প্রতিমাসে তাঁর সন্তানকে মেইনটেইন করতে প্রায় ৪০,০০০.০০ (চল্লিশ হাজার) টাকা খরচ হচ্ছে। এভাবে ১৩(তেরো) মাস ধরে খুব কষ্টে সন্তানের চিকিৎসা চালিয়ে যাচ্ছেন। উক্ত ৪টি অপারেশন এবং অপারেশন পরবর্তী চিকিৎসা করতে গিয়ে তাঁর এ পর্যন্ত প্রায় ২৫,০০,০০০.০০ (পঁচিশ লক্ষ) টাকা ব্যয় হয়েছে। দীর্ঘ প্রায় ৩(তিন) বছর যাবৎ দুরারোগ্য Meconium Ileus রোগে আক্রান্ত সন্তানের চিকিৎসা ব্যয় নির্বাহ করতে গিয়ে বর্তমানে তিনি নিদারুণ আর্থিক সংকটে নিপতিত হয়েছেন। ডাক্তারের পরামর্শ অনুযায়ী তাঁর সন্তানকে উন্নত চিকিৎসার জন্য দেশের বাহিরে নিয়ে যাওয়া আবশ্যক। ইতোমধ্যে তাঁরা থাইল্যান্ডের BPK9 International হাসপাতালের সহযোগী অধ্যাপক Dr. Ravit Ruangtrakool-কে দেখিয়েছেন। তিনি তাঁর সন্তানের সুস্থতার জন্য আরো ২টি অপারেশন লাগবে মর্মে জানান এবং ২টি অপারেশনের জন্য কমপক্ষে ১(এক) মাস থাইল্যান্ডে অবস্থান করতে হবে। থাইল্যান্ডে ১(এক) মাস অবস্থানসহ এ জটিল রোগের চিকিৎসার জন্য আনুমানিক ৩৫,০০,০০০.০০ থেকে ৪০,০০,০০০.০০ টাকার প্রয়োজন। এ অবস্থায় সন্তানের পরবর্তী ২টি অপারেশন এবং চিকিৎসার ব্যয় নির্বাহ করা তাঁর জন্য খুবই কষ্টসাধ্য হয়ে পড়েছে বিধায় তিনি তাঁর সন্তান মোঃ আল-রীশানের পরবর্তী ২টি অপারেশন ও ব্যয়বহুল চিকিৎসার্থে আর্থিক সহায়তা প্রদানের জন্য আবেদন করেছেন।

০২। এমতাবস্থায়, **আইন ও বিচার বিভাগে সংযুক্ত কর্মকর্তা (সিনিয়র সহকারী জজ)জনাব মোছাঃ মেস্কে জান্নাত রীপা-এর সন্তান মোঃ আল রিশান Meconium Ileus** রোগে আক্রান্ত হওয়ায় তাঁর সন্তানের অপারেশন ও ব্যয়বহুল সুচিকিৎসার সুচিকিৎসার জন্য আর্থিক সাহায্যের আবেদনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। একই সাথে আপনার অধীনস্থ একজন কর্মকর্তা-কে এতদ্‌উদ্দেশ্যে দায়িত্ব প্রদানক্রমে এ সংক্রান্ত কার্যক্রম সমন্বয় করার জন্যও অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০১(এক) ফর্দ।

স্বাক্ষরিত
(মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন)
রেজিস্ট্রার (বিচার)
ফোন: ০২২২৩৩৫৮৭৮০
ই-মেইল: registrar.judicial@supremecourt.gov.bd

সাহায্য পাঠানোর ঠিকানা:
**Mst. Meske Jannat Ripa**
**A/C No: 1641030056590**
**Routing No: 090263136**
**Dutch Bangla Bank Limited,**
**Circle 10 Branch, Mirpur, Dhaka.**

স্মারক নং-১জে-১০/২০১৭ - ৪৮৭৭- জে, তারিখ: ১২ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ / ২৫ মে ২০২৫ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ,---------------------------------------------------------- (সকল)।
৩। মহানগর দায়রা জজ, ---------------------------------------------------(সকল)।
৪। বিভাগীয় বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ আদালত, --------------------------------(সকল)।
৫। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, -------------------------- (সকল)।
৬। বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল,------- ------------ (সকল)।
৭। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল,--------- ------------------------------ (সকল)।
৮। বিচারক (জেলা জজ), সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল, ---------------------- --------- (সকল)।
৯। সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপীলেট ট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
১০। সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল,----------------------------------------- (সকল)।
১১। সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
১২। চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত, ---------------------------------------------- (সকল)।
১৩। স্পেশাল জজ (জেলা জজ), স্পেশাল জজ আদালত ----------------------------------------(সকল)।
১৪। বিচারক (জেলা ও দায়রা জজ), মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল, ........................ (সকল)।
১৫। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ............................................................ (সকল)।
১৬। বিচারক ( জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা।
১৭। সদস্য (জেলা জজ), কাস্টমস এক্সসাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল,.................... (সকল)।

(২ থেকে ১৭ নং পর্যন্ত:) প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসনিক নিয়ন্ত্রণে কর্মরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ

১৮। চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য় কোর্ট অব সেটেলমেন্ট, সেগুন বাগিচা, ঢাকা।
১৯। চেয়ারম্যান (জেলা জজ), নিম্নতম মজুরী বোর্ড, তোপখানা রোড, ঢাকা।
২০। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
২১। সচিব (জেলা জজ), বাংলাদেশ বার কাউন্সিল, রমনা, ঢাকা।
২২। সদস্য (জেলা জজ), ট্যাকসেস অ্যাপীলেট ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-৫, ঢাকা।
২৩। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, বেইলী রোড, ঢাকা।
২৪। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৫। রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা।
২৬। পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৭। সচিব, আইন কমিশন, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৮। মহা-পরিচালক (লিগ্যাল এন্ড প্রসিকিউশন), দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা।
২৯। মহা-পরিদর্শক, (নিবন্ধন), নিবন্ধন পরিদপ্তর, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
৩০। যুগ্ম সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩১। যুগ্ম সচিব (আইন প্রণয়ন), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩২। আইন উপদেষ্টা, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৩। আইন উপদেষ্টা (জেলা জজ), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
৩৪। উপ-সচিব (লিগ্যাল), প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৫। পরিচালক (অভিযোগ ও তদন্ত), জাতীয় মানবাধিকার কমিশন, ঢাকা।
৩৬। আইন কর্মকর্তা, পুলিশ হেডকোয়ার্টারস, ঢাকা।
৩৭। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,------------------------------------------------(সকল)।
৩৮। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,--------------------------------------------(সকল)।
৩৯। আইন কর্মকর্তা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪০। আইন কর্মকর্তা, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।
৪১। রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল/শ্রম আপীল ট্রাইব্যুনাল........(চেয়ারম্যান মহোদয় সমীপে উপস্থাপনের অনুরোধসহ)।
৪২। আইন কর্মকর্তা, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৪৩। রেজিস্ট্রার, পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিষ্পত্তি কমিশন, খাগড়াছড়ি।
৪৪। মাননীয় প্রধান বিচারপতির সচিব/একান্ত সচিব, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪৫। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪৬। অফিস কপি।

২৫.০৫.২৫

(এস.এম সাদাকাত মাহমুদ)
সহকারী রেজিস্ট্রার (বিচার)
ফোন: ০২৫৫১১০৪৯৪

24/05/25



বরাবর
মাননীয় রেজিস্ট্রার জেনারেল
বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

বিষয়ঃ দুরারোগ্য **Meconium Ileus** রোগে আক্রান্ত সন্তানের অপারেশন ও ব্যয়বহুল চিকিৎসার ব্যয় নির্বাহের নিমিত্ত আর্থিক সাহায্যের আবেদন।

মহোদয়,

যথাযথ সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি নিম্নস্বাক্ষরকারী ১০ম বিজেএস পরীক্ষার মাধ্যমে ২০১৮ সালে সহকারী জজ হিসেবে যোগদান করি। বর্তমানে আমি সংযুক্ত কর্মকর্তা (সিনিয়র সহকারী জজ) হিসেবে আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে কর্মরত আছি। আমার ছোট সন্তান মোঃ আল-রিশান, বয়সঃ ০২ বছর, ১০ মাস। সে জন্মের পর থেকে Meconium Ileus রোগে ভুগছে। জন্মের ০৪ দিন বয়সে এই রোগটি ধরা পড়ে এবং তাৎক্ষণিকভাবে বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট এ সার্জারি ইউনিট-৪ এর ডাক্তার অধ্যাপক স্বপন কুমার পাল এর মাধ্যমে গত ৩০/০৭/২০২২ তারিখে আমার সন্তানের দেহে প্রথম অপারেশন করা হয়। ২৮/০৭/২০২২ থেকে ১৪/০৮/২০২২ তারিখ পর্যন্ত প্রায় ১৭ দিন হাসপাতালে অবস্থান শেষে ছাড়পত্র প্রদান করা হয়। পরবর্তীতে গত ১২/০৬/২০২৩ তারিখে ১০ মাস, ১৮ দিন বয়সে দ্বিতীয় ধাপে হেলথ এন্ড হোপ হাসপাতাল পান্থপথ, ঢাকাতে অধ্যাপক ডাক্তার স্বপন কুমার পালের মাধ্যমেই আমার সন্তানের দেহে দ্বিতীয়বারের মতো অপারেশন {Double Barrel Ileostomy (Bishop Koop Conversion)} করা হয়। তখনও প্রায় ১৫ দিনের মতো তাকে হাসপাতালে অবস্থান করতে হয়। কিন্তু দিন দিন তার শারীরিক অবস্থার অবনতি হওয়ায় আমার সন্তানকে গত ৩০/০৩/২০২৪ তারিখে স্কয়ার হাসপাতাল লিমিটেড, পান্থপথ, ঢাকাতে শিশু সার্জন অধ্যাপক ডাক্তার মোঃ কবীরুল ইসলাম এর অধীনে ভর্তি করা হয়। ডাক্তারের পরামর্শে গত ০৬/০৪/২০২৪ তারিখে তৃতীয় ধাপে উক্ত হাসপাতালে আমার সন্তানের দেহে তৃতীয় অপারেশন (Ileostomy Closing) করা হয়। কিন্তু দুর্ভাগ্যজনকভাবে তৃতীয় অপারেশন সফল না হওয়ায় অপারেশনের ০৮ দিন পর গত ১৫/০৪/২০২৪ তারিখে জীবনের ঝুঁকি নিয়ে চতুর্থ অপারেশন করা হয়। অপারেশনের পর ১৮ দিন আমার সন্তান স্কয়ার হাসপাতালে Pediatric Intensive Care Unit (PICU)-এ অবস্থানসহ সর্বমোট প্রায় ০১ মাস, ০৭ দিন উক্ত হাসপাতালে চিকিৎসাধীন থাকার পর গত ০৭-০৫-২০২৪ তারিখে হাসপাতাল ত্যাগের ছাড়পত্র প্রদান করা হয়। বর্তমানে আমার সন্তান ডাক্তারের পরামর্শ অনুযায়ী চিকিৎসাধীন অবস্থায় বাসায় অবস্থান করছে। ডাক্তার বলেছেন, শারীরিক অবস্থার উন্নতি হলে পরবর্তী চিকিৎসা দেশের বাহিরে করাতে পারলে ভালো ফলাফল পাওয়া সম্ভব। চতুর্থ অপারেশনের পর থেকে প্রতিমাসে আমার সন্তানকে মেইনটেইন করতে প্রায় ৪০,০০০.০০ (চল্লিশ হাজার) টাকা খরচ হচ্ছে। এভাবে ১৩ মাস ধরে খুব কষ্টে সন্তানের চিকিৎসা চালিয়ে যাচ্ছি। উক্ত ৪টি অপারেশন এবং অপারেশন পরবর্তী চিকিৎসা করাতে গিয়ে আমার এ পর্যন্ত প্রায় ২৫,০০,০০০.০০ (পঁচিশ লক্ষ) টাকা ব্যয় হয়েছে। দীর্ঘ প্রায় ৩ বছর যাবৎ দুরারোগ্য Meconium Ileus রোগে আক্রান্ত সন্তানের চিকিৎসা ব্যয় নির্বাহ করতে গিয়ে বর্তমানে আমি নিদারুণ আর্থিক সংকটে নিপতিত হয়েছি। ডাক্তারের পরামর্শ অনুযায়ী আমার সন্তানকে উন্নত চিকিৎসার জন্য দেশের বাহিরে নিয়ে যাওয়া আবশ্যক। ইতোমধ্যে আমরা থাইল্যান্ডের BPK9 International হাসপাতালের সহযোগী অধ্যাপক Dr. Ravit Ruangtrakool-কে দেখিয়েছি। তিনি আমার সন্তানের সুস্থতার জন্য আরো ২টি অপারেশন লাগবে মর্মে জানান এবং ২টি অপারেশনের জন্য কমপক্ষে ১ মাস থাইল্যান্ডে অবস্থান করতে হবে। থাইল্যান্ডে ১ মাস অবস্থানসহ এই জটিল রোগের চিকিৎসার জন্য আনুমানিক ৩৫,০০,০০০.০০ থেকে ৪০,০০,০০০.০০ টাকার প্রয়োজন। এই অবস্থায় সন্তানের পরবর্তী ২টি অপারেশন এবং চিকিৎসার ব্যয় নির্বাহ করা আমার জন্য খুবই কষ্টসাধ্য হয়ে পড়েছে।

এমতাবস্থায়, মহোদয়ের নিকট আকুল আবেদন আমার সন্তানের পরবর্তী ২টি অপারেশন ও ব্যয়বহুল চিকিৎসার্থে আর্থিক সহায়তা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিনীতভাবে অনুরোধ করছি।

সংযুক্তিঃ বর্ণনামতে।

আপনার একান্ত অনুগত,

২৪/০৫/২৫

(মোছাঃ মেস্কে জান্নাত রীপা)
পরিচিতি নং-২০১৮২১০১৭০
সংযুক্ত কর্মকর্তা (সিনিয়র সহকারী জজ)
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা
মোবাঃ ০১৬৭৪-৭৮৬১৪২
ই-মেইলঃ meskejannatripa@gmail.com

সাহায্য পাঠানোর ঠিকানা:

Mst. Meske Jannat Ripa
A/C No: 1641030056590
Routing No: 090263136
Dutch Bangla Bank Limited,
Circle 10 Branch, Mirpur, Dhaka.